The Financial Express
SUNDAY, 19 APRIL 2026

# DCCI signs agreements with three Chinese chambers

FE REPORT

To improve business ties between Bangladesh and China, the Dhaka Chamber of Commerce & Industry (DCCI) signed cooperation agreements with three Chinese chambers on Saturday in Guangdong, China.

The agreements were signed with Guangdong Chamber of Commerce of Importers & Exporters (GDCCIE), China Chamber of Commerce for Import and Export of Machinery and Electronics Products (CCCME), and Guangzhou Chamber of Commerce for Outbound Business, said a press release.

DCCI Senior Vice President Razeev H Chowdhury signed the agreements on behalf of DCCI, along with representatives from the Chinese chambers.

The DCCI delegation also joined the "Trade Bridge-Bangladesh Matchmaking Event" at the China Foreign Trade Centre during the 139th Canton Fair.

They held business meetings and shared information with about 270 Chinese companies.

Speaking at the event, Razeev H Chowdhury said China is a major force in global trade and a leading producer of goods. Bangladesh imports a large amount from China, about $18 billion last year.

China is also the fifth-largest foreign investor in Bangladesh, with around $1.7 billion invested in different sectors.

He said there is strong potential for cooperation in areas like agro-processing, infrastructure, renewable energy, shipbuilding, automotive, light engineering, semiconductors, and high-tech industries.

He also mentioned opportunities in startups, fintech, agri-tech, artificial intelligence, robotics, biotechnology, healthcare, pharmaceuticals, and supply chains.

At the event, CCPIT Director Mr Qiu said Nansha is an important economic area in China, with a GDP of over RMB 240 billion in 2025.

He sees good chances for joint work in industries like automobiles, shipbuilding, and biomedicine.

Wu Shaowei, President of GDCCIE, said Bangladesh can help Chinese products reach South Asian markets and stressed stronger business ties.

Shi Yonghong, Vice President of CCCME, said the Canton Fair is an important platform for global business and will help improve cooperation between Bangladeshi and Chinese companies.

tonmoy.wardad@gmaill.com

NEW AGE
THE OUTSPOKEN DAILY
SUNDAY, 19 APRIL 2026

# DCCI, China chambers eye strong ties

Staff Correspondent

DHAKA Chamber of Commerce and Industry signed a Memorandum of Cooperation with three leading Chinese Chambers on Saturday to enhance the bilateral trade relations and expand business cooperation between entrepreneurs of Bangladesh and China.

According to a press release, the Chinese chambers were the Guangdong Chamber of Commerce of Importers and Exporters, the China Chamber of Commerce for Import and Export of Machinery and Electronics Products, and the Guangzhou Chamber of Commerce for Outbound Business.

Senior Vice President of DCCI and leader of the delegation, Razeev H Chowdhury, and the representatives of the respective Chinese Chambers signed the MoCs on behalf of their organizations.

Additionally, members of the visiting DCCI delegation to China participated in the 'Trade Bridge–Bangladesh Matchmaking Event' held at the China Foreign Trade Centre during the 139th Canton Fair.

They engaged in B2B sessions and exchanged information with approximately 270 Chinese companies during the visit.

Speaking at the scheduled business discussion session, Razeev H Chowdhury said that China is one of the driving forces of global trade and a leading producer of a wide range of goods.

As in many other countries, a significant portion of Bangladesh's imports comes from China, totaling approximately $18 billion in the last fiscal year.

He further noted that China is the fifth-largest foreign investor in Bangladesh, with Chinese entrepreneurs already investing around $1.7 billion across various sectors.

He highlighted the immense potential for bilateral cooperation and investment in sectors such as agro-processing, infrastructure development, renewable energy, shipbuilding, automotive, light engineering, semiconductors, and high-tech industries.

He also emphasised that entrepreneurs from both countries could benefit from innovative partnerships in areas such as startups, fin-tech, agri-tech, artificial intelligence, robotics, biotechnology, healthcare, pharmaceuticals, and supply chain technologies.

At the event, Qiu, Director of CCPIT mentioned that Nansha, China, holds a strategically important geographic position and recorded a regional GDP exceeding RMB 240 billion in 2025.

He noted strong prospects for joint collaboration between entrepreneurs of the two countries in specialized industrial clusters such as automobiles, shipbuilding, and biomedicine.

Wu Shaowei, president of the Guangdong Chamber of Commerce of Importers and Exporters, said that Bangladesh could play a vital role in facilitating market access for Guangdong-manufactured products to South Asian countries.

He emphasised strengthening ties between entrepreneurs of both countries.

Shi Yonghong, vice president of CCCME, described the 139th Canton Fair as a key hub for global business collaboration.

He also said that the fair would play an important role in enhancing relationships between Bangladeshi entrepreneurs and Chinese manufacturing enterprises.

TRUE & IMPARTIAL
daily sun
SUNDAY, 19 APRIL 2026

# DCCI Partners with 3 Chinese Chambers to Boost Trade, Investment




**Daily Sun Report,** *Dhaka*

**The** Dhaka Chamber of Commerce and Industry (DCCI) on Saturday signed Memorandum of Cooperation (MoCs) with three leading Chinese Chambers in Guangdong, China, to strengthen Bangladesh-China economic ties and expand trade and investment opportunities.

The Chinese Chambers signing the MoCs are - Guangdong Chamber of Commerce of Importers and Exporters (GDCCIE), China Chamber of Commerce for Import and Export of Machinery and Electronics Products (CCCME), and Guangzhou Chamber of Commerce for Outbound Business.

DCCI Senior Vice President Razeev H Chowdhury signed the MoCs on behalf of the chamber during a business delegation visit to China, said a DCCI press release.

The agreements aim to enhance structured business-to-business (B2B) engagement, improve exchange of market information, and facilitate joint ventures in priority sectors such as agro-processing, infrastructure, renewable energy, automotive, shipbuilding, light engineering, and high-tech industries including semiconductors.

They also focus on emerging areas like fintech, agritech, artificial intelligence, robotics, biotechnology, healthcare and advanced supply chain solutions.

DCCI leaders said the partnerships come at a time when Bangladesh's industrial sector is increasingly dependent on China for inputs and capital goods. In the last fiscal year, Bangladesh imported around $18 billion worth of goods from China, while Chinese investment stood at approximately $1.7 billion, making China the country's fifth-largest foreign investor.

On the sidelines of the 139th Canton Fair, the DCCI delegation also took part in the "Trade Bridge-Bangladesh Matchmaking Event" at the China Foreign Trade Centre, holding B2B meetings with around 270 Chinese companies. The engagements are expected to generate new sourcing partnerships and investment opportunities.

At the event, Chinese business representatives highlighted Bangladesh's growing importance as a regional market hub.

Qiu, Director of CCPIT, mentioned that Nansha, China, holds a strategically important geographic position and recorded a regional GDP exceeding RMB 240 billion in 2025.

He noted strong prospects for joint collaboration between entrepreneurs of the two countries in specialised industrial clusters such as automobiles, shipbuilding and biomedicine.

Wu Shaowei, President of GDCCIE, said Bangladesh could serve as a gateway for Guangdong-made products into South Asian markets, while Shi Yonghong, Vice President of CCCME, described the Canton Fair as a critical platform for strengthening industrial linkages between Chinese manufacturers and Bangladeshi enterprises.

Business leaders from both sides expressed optimism that the MoCs will help reduce trade barriers, strengthen supply chain resilience and promote more balanced and value-added economic cooperation in the coming years.

the daily observer
We stand for people's rights
SUNDAY, 19 APRIL 2026

# DCCI signs MoC with three Chinese Chambers

**Business Desk**

To expand business cooperation between entrepreneurs of Bangladesh and China, the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) signed Memorandum of Cooperation (MoCs) with three leading Chinese Chambers in Guangdong, China.

The Chinese Chambers signing the MoCs are - Guangdong Chamber of Commerce of Importers and Exporters (GDCCIE), China Chamber of Commerce for Import and Export of Machinery and Electronics Products (CCCME), and Guangzhou Chamber of Commerce for Outbound Business, according to BSS report.

Senior Vice President of DCCI and leader of the delegation Razeev H Chowdhury and the representatives of respective Chinese Chambers signed the MoCs on behalf of their organizations, said a DCCI press release.

Additionally, members of the visiting DCCI delegation to China participated in the "Trade Bridge-Bangladesh Matchmaking Event" held at the China Foreign Trade Centre during the 139th Canton Fair on Saturday.

They engaged in B2B sessions and exchanged information with approximately 270 Chinese companies during the visit.

Speaking at the scheduled business discussion session, Razeev H Chowdhury stated that China is one of the driving forces of global trade and a leading producer of various goods. Like many other countries, a significant portion of Bangladesh's imports comes from China, amounting to approximately US$18 billion in the last fiscal year.

He further noted that China is the fifth-largest foreign investor in Bangladesh, with Chinese entrepreneurs already investing around US$1.7 billion across various sectors.

He highlighted that there is immense potential for bilateral cooperation and investment in sectors such as agro-processing, infrastructure development, renewable energy, shipbuilding, automotive, light engineering, semiconductors, and high-tech industries.

He also emphasized that entrepreneurs from both countries could benefit from innovative partnerships in areas such as start-ups, fin-tech, agri-tech, artificial intelligence, robotics, biotechnology, healthcare, pharmaceuticals, and supply chain technologies.

The New Nation
Independent Daily
SUNDAY, 19 APRIL 2026

# DCCI collaborates with Chinese chambers to strengthen bi-lateral relations




***Business Desk***

To enhance bilateral relations and expand business cooperation between entrepreneurs of Bangladesh and China, the Dhaka Chamber of Commerce & Industry (DCCI) signed Memorandum of Cooperation (MoCs) with three leading Chinese Chambers on Saturday, in Guangdong, China.

The Chinese Chambers signing the MoCs are Guangdong Chamber of Commerce of Importers & Exporters (GDCCIE), China Chamber of Commerce for Import and Export of Machinery and Electronics Products (CCCME), and Guangzhou Chamber of Commerce for Outbound Business.

Senior Vice President of DCCI and leader of the delegation Razeev H Chowdhury and the representatives of respective Chinese Chambers signed the MoCs on behalf of their organizations.

Additionally, members of the visiting DCCI delegation to China participated in the "Trade Bridge–Bangladesh Matchmaking Event" held at the China Foreign Trade Centre during the 139th Canton Fair on April 18. They engaged in B2B sessions and exchanged information with approximately 270 Chinese companies during the visit.

Speaking at the scheduled business discussion session, Razeev H Chowdhury stated that China is one of the driving forces of global trade and a leading producer of various goods. Like many other countries, a significant portion of Bangladesh's imports comes from China, amounting to approximately USD 18 billion in the last fiscal year.

He further noted that China is the fifth-largest foreign investor in Bangladesh, with Chinese entrepreneurs already investing around USD 1.7 billion across various sectors.

At the event, Qiu, Director of CCPIT mentioned that Nansha, China, holds a strategically important geographic position and recorded a regional GDP exceeding RMB 240 billion in 2025.

He noted strong prospects for joint collaboration between entrepreneurs of the two countries in specialized industrial clusters such as automobiles, shipbuilding, and biomedicine.

Wu Shaowei, President of the Guangdong Chamber of Commerce of Importers & Exporters, remarked that Bangladesh can play a vital role in facilitating market access for Guangdong-manufactured products to South Asian countries.

আলোকিত প্রকাশের দুরন্ত সাহস
সমকাল
রবিবার, ১৯ এপ্রিল ২০২৬

# চীনের তিন চেম্বারের সঙ্গে ডিসিসিআইয়ের সহযোগিতা স্মারক

■ শিল্প ও বাণিজ্য ডেস্ক

বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়ন ও ব্যবসায়িক সহযোগিতা সম্প্রসারণে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং চীনের তিনটি প্রধান চেম্বারের মধ্যে একটি সহযোগিতা স্মারক গতকাল শনিবার চীনের গুয়াংডং-তে স্বাক্ষরিত হয়। চীনের বাণিজ্য সংগঠনগুলো হলো– গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স, চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিকস প্রডাক্টস এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস। ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী এবং চীনের চেম্বারগুলোর ঊর্ধ্বতন প্রতিনিধিরা সহযোগিতা স্মারকে স্বাক্ষর করেন। ডিসিসিআইয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

সমকাল

দৈনিক
ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

রবিবার, ১৯ এপ্রিল ২০২৬

# বাণিজ্য সহযোগিতা জোরদারে চীনের তিন চেম্বারের সমঝোতা স্মারক

■ ইত্তেফাক রিপোর্ট




বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন এবং ব্যাবসায়িক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) চীনের তিনটি শীর্ষস্থানীয় চেম্বারের সঙ্গে সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। গতকাল শনিবার চীনের গুয়াংডং প্রদেশে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

সহযোগিতা স্মারকে স্বাক্ষরকারী চীনের বাণিজ্য সংগঠনগুলো হলো—গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স, চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক প্রোডাক্টস এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস। ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী এবং সংশ্লিষ্ট চীনা চেম্বারগুলোর ঊর্ধ্বতন প্রতিনিধিরা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এদিকে, বর্তমানে চীন সফররত ঢাকা চেম্বারের প্রতিনিধিদল একই দিন চায়না ফরেন ট্রেড সেন্টারে অনুষ্ঠিত ১৩৯তম ক্যান্টন ফেয়ারের ট্রেড ব্রিজ বাংলাদেশ ম্যাচমেকিং ইভেন্টে অংশ নেয়। এতে প্রায় ২৭০টি চীনা প্রতিষ্ঠানের সঙ্গে ব্যবসা-বাণিজ্যসংক্রান্ত তথ্য আদান-প্রদান ও সম্ভাব্য সহযোগিতা নিয়ে বিটুবি বৈঠক অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নির্ধারিত বাণিজ্য আলোচনা সেশনে ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী বলেন, চীন বৈশ্বিক বাণিজ্যের অন্যতম চালিকাশক্তি এবং বিভিন্ন পণ্যের শীর্ষ উৎপাদনকারী দেশ। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের আমদানির বড় একটি অংশই চীন থেকে আসে, যার পরিমাণ গত অর্থবছরে প্রায় ১৮ বিলিয়ন মার্কিন ডলার। তিনি আরো উল্লেখ করেন, বাংলাদেশে পঞ্চম বৃহত্তম বৈদেশিক বিনিয়োগকারী দেশ চীন এবং ইতিমধ্যে দেশটির উদ্যোক্তারা বিভিন্ন খাতে প্রায় ১ দশমিক ৭ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। তিনি জানান, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, অবকাঠামো উন্নয়ন, নবায়নযোগ্য জ্বালানি, জাহাজ নির্মাণ, অটোমোটিভ, লাইট ইঞ্জিনিয়ারিং, সেমিকন্ডাক্টর এবং উচ্চ প্রযুক্তি শিল্পে দুই দেশের মধ্যে বিনিয়োগ ও সহযোগিতার ব্যাপক সম্ভাবনা রয়েছে। বিশেষ করে স্টার্টআপ, ফিনটেক, এগ্রি-টেক, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, বায়োটেকনোলজি, স্বাস্থ্যসেবা, ফার্মাসিউটিক্যাল এবং সাপ্লাইচেইনে প্রযুক্তির ব্যবহার ও উদ্ভাবনভিত্তিক অংশীদারত্বের মাধ্যমে উভয় দেশের উদ্যোক্তারা উপকৃত হতে পারেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এ সময় সিসিপিআইটির পরিচালক কিউ বলেন, চীনের নানশা অঞ্চলটি ভৌগোলিকভাবে অত্যন্ত কৌশলগত স্থানে অবস্থিত এবং ২০২৫ সালে অঞ্চলটির আঞ্চলিক জিডিপি ২৪০ বিলিয়ন ইউয়ান অতিক্রম করেছে। অটোমোবাইল, জাহাজ নির্মাণ ও বায়োমেডিসিন খাতে শিল্প ক্লাস্টারভিত্তিক সহযোগিতার সম্ভাবনার কথাও তিনি উল্লেখ করেন। অন্যদিকে, গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্সের সভাপতি উ শাওওয়েই বলেন, গুয়াংডং-এ উৎপাদিত পণ্য দক্ষিণ এশিয়ার বাজারে প্রবেশাধিকারের ক্ষেত্রে বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ লক্ষ্যে দুই দেশের উদ্যোক্তাদের পারস্পরিক সম্পর্ক আরো জোরদারের ওপর তিনি গুরুত্বারোপ করেন।

এ বছর আয়োজিত ১৩৯তম ক্যান্টন ফেয়ারকে বৈশ্বিক উদ্যোক্তাদের সহযোগিতার অন্যতম গুরুত্বপূর্ণ প্ল্যাটফরম হিসেবে উল্লেখ করে সিসিএমইর সহসভাপতি শি ইয়ংহং বলেন, বিশেষ করে চীনের উৎপাদনকারী প্রতিষ্ঠানের সঙ্গে বাংলাদেশের উদ্যোক্তাদের সম্পর্ক উন্নয়নে এ মেলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন
রবিবার ॥ ১৯ এপ্রিল ২০২৬

# চীনের তিন চেম্বারের সঙ্গে ডিসিসিআইয়ের চুক্তি

নিজস্ব প্রতিবেদক

উদ্যোক্তাদের দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নে চীনের তিনটি প্রধান চেম্বারের সঙ্গে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সহযোগিতা চুক্তি স্বাক্ষর হয়েছে। গতকাল চীনের গুয়াংডং-তে বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়ন ও ব্যবসায়িক সহযোগিতা সম্প্রসারণে এসব চুক্তি স্বাক্ষরিত হয়। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সঙ্গে সহযোগিতা স্মারকে স্বাক্ষরকারী চীনের বাণিজ্য সংগঠনগুলো হলো- গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোটার্স অ্যান্ড এক্সপোটার্স (জিডিসিসিআইই), চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক্স প্রডাক্টস (সিসিসিএমই) এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস। এ সময় ডিসিসিআইয়ের উর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী এবং চীনের চেম্বারগুলোর উর্ধ্বতন প্রতিনিধিবৃন্দ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সহযোগিতা স্মারকগুলোতে স্বাক্ষর করেন। এ ছাড়াও চীন সফরকারী ঢাকা চেম্বারের প্রতিনিধিদল চায়না ফরেন ট্রেড সেন্টারে অনুষ্ঠিত ১৩৯তম ক্যান্টন ফোয়ারের ট্রেড ব্রিজ-বাংলাদেশ ম্যাচমেকিং ইভেন্ট' অংশ নিয়ে প্রায় ২৭০টি চাইনিজ কোম্পানির সঙ্গে বিটুবি সেশনে বাণিজ্যিক তথ্য আদান-প্রদান করেন। গুয়াংডং-এ উৎপাদিত পণ্য দক্ষিণ এশিয়ার দেশগুলোর বাজারে রপ্তানির প্রবেশাধিকারের জন্য বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করতে পারে বলে মত প্রকাশ করেন গুয়াংডং চেম্বার অব কমার্স অফ ইমপোটার্স অ্যান্ড এক্সপোটার্স-এর সভাপতি উ শাওওয়েই। এক্ষেত্রে দুদেশের উদ্যোক্তাদের সম্পর্ক জোরদারের উপর তিনি গুরুত্বারোপ করেন।

দেশ রূপান্তর
রবিবার, ১৯ এপ্রিল ২০২৬




ঢাকা চেম্বারের প্রতিনিধিদল গতকাল চায়না ফরেন ট্রেড সেন্টারে ১৩৯তম ক্যান্টন ফোয়ারের ট্রেড ব্রিজ-বাংলাদেশ ম্যাচমেকিং ইভেন্টে অংশ নেয় সংগৃহীত

# চীনের ৩ চেম্বারের সঙ্গে ডিসিসিআইয়ের চুক্তি

**নিজস্ব প্রতিবেদক**

বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়ন ও ব্যবসায়িক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে চীনের ৩টি প্রধান চেম্বারের সঙ্গে চুক্তি করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল শনিবার সহযোগিতার স্মারকগুলো চীনের গুয়াংডং-তে স্বাক্ষর হয়। ঢাকা চেম্বার থেকে এ তথ্য সংবাদ বিজ্ঞপ্তিতে নিশ্চিত করা হয়েছে। ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী এবং চীনের চেম্বারের সমূহের ঊর্ধ্বতন প্রতিনিধিরা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সহযোগিতা স্মারকসমূহে স্বাক্ষর করেন। স্মারকে স্বাক্ষরকারী চীনের বাণিজ্য সংগঠনগুলো হলো: গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স (জিডিসিসিআইই), চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক্স প্রোডাক্টস (সিসিসিএমই) এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চীনে সফরকারী ঢাকা চেম্বারের প্রতিনিধিদলের সদস্যরা গতকাল চায়না ফরেন ট্রেড সেন্টারে '১৩৯তম ক্যান্টন ফোয়ারের ট্রেড ব্রিজ-বাংলাদেশ ম্যাচমেকিং ইভেন্ট' অংশ নিয়ে প্রায় ২৭০টি চাইনিজ কোম্পানির সঙ্গে বিটুবি সেশনে বাণিজ্যিক তথ্য আদান-প্রদান করেন।

নির্ধারিত বাণিজ্য আলোচনা সেশনে ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী বলেন, চীন বৈশ্বিক বাণিজ্যের অন্যতম চালিকাশক্তি ও বিভিন্ন পণ্যের শীর্ষ উৎপাদনকারী দেশ। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের আমদানির একটি বড় অংশ। চীন, গতঅর্থবছরে যার পরিমাণ ছিল প্রায় ১৮ বিলিয়ন মার্কিন ডলার। তিনি আরও উল্লেখ করেন, বাংলাদেশের পঞ্চম বৃহত্তম বৈদেশিক বিনিয়োগকারী দেশ হলো চীন এবং ইতিমধ্যে চীনের উদ্যোক্তারা বিভিন্ন খাতে প্রায় ১ দশমিক ৭ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

প্রতিদিনের বাংলাদেশ
রবিবার, ১৯ এপ্রিল ২০২৬

# বাংলাদেশ-চীন ব্যবসায়িক সম্পর্ক জোরদার

## ডিসিসিআইর উদ্যোগ

প্রবা প্রতিবেদক

বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যে ব্যবসায়িক সহযোগিতা বাড়াতে চীনের তিনটি প্রধান চেম্বারের সঙ্গে চুক্তি করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গুয়াংডংয়ে অনুষ্ঠিত এ চুক্তি দ্বিপাক্ষিক বাণিজ্য, বিনিয়োগ ও প্রযুক্তি খাতে নতুন সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে।

চীনের গুয়াংডংয়ে গতকাল শনিবার অনুষ্ঠিত এক অনুষ্ঠানে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং চীনের তিনটি শীর্ষ ব্যবসায়িক চেম্বারের মধ্যে সহযোগিতা স্মারক সই হয়। এ চুক্তির মূল উদ্দেশ্য বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন, ব্যবসায়িক সহযোগিতা সম্প্রসারণ এবং বিনিয়োগের নতুন সুযোগ তৈরি করা।

চুক্তিতে অংশ নেয় তিনটি চীনা চেম্বার– গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স (জিডিসিসিআইই), চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক্স প্রোডাক্টস (সিসিসিএমই), গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস।

চুক্তির পাশাপাশি ডিসিসিআইর প্রতিনিধিদল অংশ নেয় চায়না ফরেন ট্রেড সেন্টারে আয়োজিত ১৩৯তম ক্যান্টন ফেয়ারের ট্রেড ব্রিজ-বাংলাদেশ ম্যাচমেকিং ইভেন্টে। সেখানে প্রায় ২৭০টি চীনা কোম্পানির সঙ্গে বিটুবি সেশনে বাণিজ্যিক তথ্য আদান-প্রদান হয়। এ আয়োজন বাংলাদেশি উদ্যোক্তাদের জন্য চীনা বাজারে প্রবেশের সুযোগ বাড়িয়েছে।

ডিসিসিআইর ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী বলেন, চীন বৈশ্বিক বাণিজ্যের অন্যতম চালিকাশক্তি এবং বাংলাদেশের আমদানির বড় অংশ আসে চীন থেকে। গত অর্থবছরে আমদানির পরিমাণ ছিল প্রায় ১৮ বিলিয়ন ডলার। চীন বাংলাদেশের পঞ্চম বৃহত্তম বৈদেশিক বিনিয়োগকারী দেশ, ইতোমধ্যে প্রায় ১.৭ বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে।

চীনের নানশা প্রদেশের শিল্প ক্লাস্টার ও জিডিপি বৃদ্ধির কথা তুলে ধরে সিসিপিআইটির পরিচালক কিউ বলেন, অটোমোবাইল, জাহাজ নির্মাণ ও বায়োমেডিসিনে যৌথ সহযোগিতার সম্ভাবনা রয়েছে।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
রবিবার, ১৯ এপ্রিল ২০২৬

# চীনের ৩ চেম্বারের সঙ্গে ডিসিসিআইর স্মারক স্বাক্ষর

● নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়ন ও ব্যবসায়িক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং চীনের ৩টি প্রধান চেম্বারের মধ্যে সহযোগিতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। শনিবার চীনের গুয়াংডংয়ে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। সহযোগিতা স্মারকে স্বাক্ষরকারী চীনের বাণিজ্য সংগঠনগুলো হলো– গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোটার্স অ্যান্ড এক্সপোটার্স (জিডিসিসিআইই), চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক্স প্রোডাক্টস (সিসিসিএমই) এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস। ডিসিসিআইর ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী এবং চীনের চেম্বারগুলোর ঊর্ধ্বতন প্রতিনিধিরা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে ওই সহযোগিতা স্মারকগুলোয় স্বাক্ষর করেন।

সময়ের আলো

আজকের পত্রিকা
রবিবার, ১৯ এপ্রিল ২০২৬

# চীনের ৩ চেম্বারের সঙ্গে ডিসিসিআইয়ের সহযোগিতা স্মারক

**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার এবং ব্যবসায়িক সহযোগিতা সম্প্রসারণে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) চীনের তিনটি শীর্ষ বাণিজ্য সংগঠনের সঙ্গে সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে।

গতকাল শনিবার চীনের গুয়াংডং প্রদেশে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। চীনের পক্ষ থেকে স্বাক্ষরকারী সংগঠনগুলো হলো—গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স (জিডিসিসিআইই), চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক প্রোডাক্টস (সিসিসিএমই) এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস। ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী এবং সংশ্লিষ্ট চীনা চেম্বারগুলোর ঊর্ধ্বতন প্রতিনিধিরা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এ স্মারকে স্বাক্ষর করেন।

এদিকে চীন সফররত ডিসিসিআই প্রতিনিধিদল একই দিনে চায়না ফরেন ট্রেড সেন্টারে অনুষ্ঠিত ১৩৯তম ক্যান্টন ফেয়ারের 'ট্রেড ব্রিজ-বাংলাদেশ ম্যাচমেকিং' ইভেন্টে অংশ নেয়।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
রবিবার, ১৯ এপ্রিল ২০২৬

# চীনের ৩ চেম্বারের সঙ্গে ডিসিসিআইয়ের সমঝোতা সই

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার এবং বাণিজ্যিক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) চীনের শীর্ষ তিনটি বাণিজ্য সংগঠনের সঙ্গে সহযোগিতা স্মারক সই করেছে। গতকাল শনিবার চীনের গুয়াংডং প্রদেশে এই চুক্তি সই হয়।

চীনের যে তিনটি সংগঠনের সঙ্গে এ সমঝোতা হয়েছে, সেগুলো হলো গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স, চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক প্রডাক্টস এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস। ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী এবং সংশ্লিষ্ট চীনা সংগঠনগুলোর প্রতিনিধিরা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে সই করেন।

একই দিনে চীন সফররত ডিসিসিআই প্রতিনিধিদল চায়না ফরেন ট্রেড সেন্টারে অনুষ্ঠিত ১৩৯তম ক্যান্টন ফেয়ারের 'ট্রেড ব্রিজ-বাংলাদেশ ম্যাচমেকিং' ইভেন্টে অংশ নেয়।

এতে প্রায় ২৭০টি চীনা প্রতিষ্ঠানের সঙ্গে বিটুবি (ই২ই) বৈঠকে অংশ নিয়ে বাণিজ্যিক তথ্য আদান-প্রদান করেন বাংলাদেশি উদ্যোক্তারা।

অনুষ্ঠানের আলোচনায় রাজিব এইচ চৌধুরী বলেন, চীন বিশ্ব বাণিজ্যের অন্যতম চালিকাশক্তি এবং বাংলাদেশের আমদানির বড় অংশই দেশটি থেকে আসে। গত অর্থবছরে চীন থেকে আমদানির পরিমাণ ছিল প্রায় ১৮ বিলিয়ন মার্কিন ডলার।

প্রকাশনার ৭৬ বছর
সংবাদ
বাংলাদেশের মুখপত্র
রবিবার, ১৯ এপ্রিল ২০২৬

# চীনের ৩ চেম্বারের সঙ্গে ডিসিসিআই'র চুক্তি

অর্থনৈতিক বার্তা পরিবেশক

বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন ও ব্যবসায়িক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং চীনের তিনটি প্রধান চেম্বারের মধ্যে সহযোগিতা স্মারক সই হয়েছে। গতকাল চীনের গুয়াংডং-তে এই চুক্তি সই হয়। ডিসিসিআই'র এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সহযোগিতা স্মারকে স্বাক্ষরকারী চীনের বাণিজ্য সংগঠনগুলো হলো- 'গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স (জিডিসিসিআইই)', 'চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক্স প্রোডাক্টস (সিসিসিএমই)' এবং 'গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস'। ডিসিসিআই'র উর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী এবং চীনের চেম্বারগুলোর উর্ধ্বতন প্রতিনিধিরা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সহযোগিতা স্মারকে সই করেন।

এছাড়াও বর্তমানে চীন সফরকারী ঢাকা চেম্বারের প্রতিনিধিদলের সদস্যরা গতকাল চায়না ফরেন ট্রেড সেন্টারে অনুষ্ঠিত ১৩৯তম ক্যান্টন ফেয়ারের ট্রেড ব্রিজ-বাংলাদেশ ম্যাচমেকিং ইভেন্ট' অংশ নিয়ে প্রায় ২৭০টি চীনা কোম্পানির সঙ্গে বিটুবি সেশনে বাণিজ্যিক তথ্য আদান-প্রদান করেন।

অনুষ্ঠানের নির্ধারিত বাণিজ্য আলোচনা সেশনে ডিসিসিআই'র উর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী বলেন, 'চীন বৈশ্বিক বাণিজ্যের অন্যতম চালিকা শক্তি ও বিভিন্ন পণ্যের শীর্ষ উৎপাদনকারী দেশ ও বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশের আমদানির একটি বড় অংশ চীন, গত অর্থবছরে যার পরিমাণ ছিল প্রায় ১৮ বিলিয়ন মার্কিন ডলার।'

তিনি আরও বলেন, 'বাংলাদেশের পঞ্চম বৃহত্তম বৈদেশিক বিনিয়োগকারী দেশ হলো চীন এবং এরই মধ্যে চীনের উদ্যোক্তারা বিভিন্ন খাতে প্রায় ১.৭ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, অবকাঠামো উন্নয়ন, নবায়নযোগ্য জ্বালানি, জাহাজ নির্মাণ, অটোমোটিভ, লাইট ইঞ্জিনিয়ারিং, সেমিকন্ডাক্টর এবং উচ্চ প্রযুক্তি শিল্পে দুই দেশের সহযোগিতা ও বিনিয়োগের প্রচুর সম্ভাবনা রয়েছে। বিশেষ করে স্টার্ট-আপ, ফিনটেক, এগ্রি-টেক, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, বায়োটেকনোলজি, স্বাস্থ্যসেবা, ফার্মাসিউটিক্যাল এবং সাপ্লাইচেইনে প্রযুক্তির ব্যবহার ও উদ্ভাবনমূলক অংশীদারত্বের মাধ্যমে উভয় দেশের উদ্যোক্তারা উপকৃত হতে পারেন।'

এ সময় সিসিপিআইটি'র পরিচালক কিউ জানান, চীনের নানশা প্রদেশটি ভৌগোলিকভাবে কৌশলগত স্থানে অবস্থান করছে এবং ২০২৫ সালে নানশার আঞ্চলিক জিডিপি ২৪০ বিলিয়ন ইউয়ান অতিক্রম করেছে। অটোমোবাইল, জাহাজ নির্মাণ, বায়োমেডিসিনে বিশেষায়িত শিল্প ক্লাস্টারে দুই দেশের উদ্যোক্তাদের যৌথ সহযোগিতার বেশ সম্ভাবনা রয়েছে বলে তিনি মতপ্রকাশ করেন।

গুয়াংডং-এ উৎপাদিত পণ্য দক্ষিণ এশিয়ার দেশগুলোর বাজারে রপ্তানির প্রবেশাধিকারের জন্য বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে জানান গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স-এর সভাপতি উ শাওওয়েই। এক্ষেত্রে দুই দেশের উদ্যোক্তাদের সম্পর্ক জোরদারের ওপর তিনি গুরুত্বারোপ করেন।

এবছর আয়োজিত ১৩৯তম ক্যান্টন ফেয়ার বৈশ্বিক উদ্যোক্তাদের সহযোগিতার অন্যতম কেন্দ্রস্থল হিসেবে উল্লেখ করে চায়না চেম্বার কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক্স প্রোডাক্টস (সিসিসিএমই)-এর সহ-সভাপতি শি ইয়ংহং বলেন, বাংলাদেশি উদ্যোক্তাদের বিশেষ করে চীনের উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সম্পর্ক উন্নয়নে এ মেলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

নয়া দিগন্ত



# ডিসিসিআই’র সাথে চীনের তিনটি বাণিজ্য সংগঠনের সমঝোতা স্মারক স্বাক্ষরিত

> ‘চীন বিশ্ব বাণিজ্যের অন্যতম চালিকাশক্তি এবং বাংলাদেশের আমদানির একটি বড় অংশই দেশটি থেকে আসে। গত অর্থবছরে চীন থেকে আমদানির পরিমাণ ছিল প্রায় ১৮ বিলিয়ন মার্কিন ডলার।’

নয়া দিগন্ত অনলাইন

প্রকাশ : শনিবার ১৮ এপ্রিল ২০২৬, ১৮:৩০




ডিসিসিআই’র সাথে চীনের তিনটি বাণিজ্য সংগঠনের সমঝোতা |সংগৃহীত

বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়ন এবং ব্যবসায়িক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সাথে চীনের তিনটি প্রধান বাণিজ্য সংগঠনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

চীনের পক্ষ থেকে গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স, চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক প্রোডাক্টস এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস এ চুক্তিতে অংশ নেয়।

ডিসিসিআই’র ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী এবং সংশ্লিষ্ট চীনা চেম্বারগুলোর প্রতিনিধিরা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

শনিবার (১৮ এপ্রিল) চীনের গুয়াংডং প্রদেশে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় বলে ডিসিসিআই’র এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়, বর্তমানে চীন সফররত ঢাকা চেম্বারের প্রতিনিধিদল একই দিনে চায়না ফরেন ট্রেড সেন্টারে আয়োজিত ১৩৯তম ক্যান্টন ফেয়ারের ‘ট্রেড ব্রিজ-বাংলাদেশ ম্যাচমেকিং’ অনুষ্ঠানে অংশ নেয়। এতে প্রায় ২৭০টি চীনা প্রতিষ্ঠানের সাথে ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত তথ্য বিনিময় করা হয়।

অনুষ্ঠানে বাণিজ্য বিষয়ক আলোচনা সভায় রাজিব এইচ চৌধুরী বলেন, চীন বিশ্ব বাণিজ্যের অন্যতম চালিকাশক্তি এবং বাংলাদেশের আমদানির একটি বড় অংশই দেশটি থেকে আসে। গত অর্থবছরে চীন থেকে আমদানির পরিমাণ ছিল প্রায় ১৮ বিলিয়ন মার্কিন ডলার।

তিনি উল্লেখ করেন, বাংলাদেশে পঞ্চম বৃহত্তম বিদেশী বিনিয়োগকারী দেশ হিসেবে চীন ইতোমধ্যে বিভিন্ন খাতে প্রায় এক দশমিক সাত বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

তিনি আরো বলেন, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, অবকাঠামো উন্নয়ন, নবায়নযোগ্য জ্বালানি, জাহাজ নির্মাণ, অটোমোটিভ, লাইট ইঞ্জিনিয়ারিং, সেমিকন্ডাক্টর এবং উচ্চ প্রযুক্তি শিল্পে দুই দেশের সহযোগিতার বিপুল সম্ভাবনা রয়েছে। পাশাপাশি স্টার্টআপ, ফিনটেক, কৃষি প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, বায়োটেকনোলজি, স্বাস্থ্যসেবা, ওষুধ শিল্প এবং সরবরাহ ব্যবস্থায় প্রযুক্তি ব্যবহারে যৌথ উদ্যোগ উভয় দেশের উদ্যোক্তাদের জন্য সুফল বয়ে আনতে পারে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে চীনের আন্তর্জাতিক বাণিজ্য উন্নয়ন সংস্থার (সিসিপিআইটি) এক পরিচালক বলেন, নানশা অঞ্চলটি ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ এবং ২০২৫ সালে এর আঞ্চলিক জিডিপি ২৪০ বিলিয়ন ইউয়ান অতিক্রম করেছে। অটোমোবাইল, জাহাজ নির্মাণ ও বায়োমেডিসিন খাতে যৌথ উদ্যোগের যথেষ্ট সুযোগ রয়েছে।

গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স-এর সভাপতি উ শাওওয়েই বলেন, গুয়াংডংয়ে উৎপাদিত পণ্য দক্ষিণ এশিয়ার বাজারে প্রবেশে বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এজন্য দুই দেশের উদ্যোক্তাদের মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা জোরদার করা প্রয়োজন।

এদিকে, চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক প্রোডাক্টসের সহ-সভাপতি শি ইয়ংহং বলেন, ক্যান্টন ফেয়ার বৈশ্বিক উদ্যোক্তাদের অন্যতম মিলনমেলা এবং বাংলাদেশী উদ্যোক্তাদের সাথে চীনা উৎপাদনকারীদের সম্পর্ক উন্নয়নে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ***বাসস***

# শেয়ার বিজ

সৃজনের পথে উন্নত স্বদেশ

রবিবার, ১৯ এপ্রিল ২০২৬





## চীনের ৩ চেম্বার ও ডিসিসিআইর চুক্তি

# দ্বিপক্ষীয় বাণিজ্যে জোর

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
রবিবার, ১৯ এপ্রিল ২০২৬

# চীন-বাংলাদেশ উদ্যোক্তা সহযোগিতা জোরদার

**নিজস্ব প্রতিবেদক ●** বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন এবং বাণিজ্যিক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) চীনের তিনটি শীর্ষ বাণিজ্য সংগঠনের সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে। গতকাল শনিবার চীনের গুয়াংডং প্রদেশে এ চুক্তি স্বাক্ষর হয়।

**৩ চেম্বারের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর ডিসিসিআইর**

চীনের যেসব সংগঠনের সঙ্গে এ সমঝোতা হয়েছে সেগুলো হলো- গুয়াংডং চেম্বার অব কমার্স অব ইমপোর্টার্স অ্যান্ড এক্সপোর্টার্স (জিডিসিসিআইই), চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অব মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক্স প্রডাক্টস (সিসিসিএমই) এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস। ডিসিসিআই'র ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী এবং সংশ্লিষ্ট চীনা চেম্বারগুলোর প্রতিনিধিরা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

এদিকে চীন সফররত ডিসিসিআই প্রতিনিধি দল একই দিনে চায়না ফরেন ট্রেড সেন্টারে অনুষ্ঠিত ১৩৯তম ক্যান্টন ফেয়ারের 'ট্রেড ব্রিজুবাংলাদেশ ম্যাচমেকিং ইভেন্ট'-এ অংশ নেয়। সেখানে প্রায় ২৭০টি চীনা প্রতিষ্ঠানের সঙ্গে বিটুবি বৈঠকে বাণিজ্যিক তথ্য আদান-প্রদান করা হয়।

আলোচনাসভায় রাজিব এইচ চৌধুরী বলেন, চীন বৈশ্বিক বাণিজ্যের অন্যতম চালিকাশক্তি এবং বাংলাদেশের আমদানির বড় অংশই দেশটি থেকে আসে। গত অর্থবছরে চীন থেকে আমদানির পরিমাণ ছিল প্রায় ১৮ বিলিয়ন মার্কিন ডলার। তিনি আরও জানান, বাংলাদেশে চীন পঞ্চম বৃহত্তম বিদেশি বিনিয়োগকারী দেশ এবং ইতোমধ্যে বিভিন্ন খাতে প্রায় ১ দশমিক ৭ বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে।

রাজিব আরও বলেন, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, অবকাঠামো উন্নয়ন, নবায়নযোগ্য জ্বালানি, জাহাজ নির্মাণ, অটোমোবাইল, লাইট ইঞ্জিনিয়ারিং, সেমিকন্ডাক্টর ও উচ্চ প্রযুক্তি খাতে দুই দেশের মধ্যে যৌথ বিনিয়োগের বড় সম্ভাবনা রয়েছে। পাশাপাশি স্টার্টআপ, ফিনটেক, এগ্রি-টেক, কৃত্রিম বুদ্ধিমত্তা, . রোবোটিক্স, বায়োটেকনোলজি, স্বাস্থ্যসেবা ও ফার্মাসিউটিক্যাল খাতেও উদ্ভাবনভিত্তিক অংশীদারত্বের সুযোগ রয়েছে বলে তিনি মত দেন।

সিসিপিআইটির পরিচালক কিউ বলেন, চীনের নানশা অঞ্চল ভৌগোলিকভাবে কৌশলগত অবস্থানে রয়েছে এবং ২০২৫ সালে এর আঞ্চলিক জিডিপি ২৪০ বিলিয়ন ইউয়ান ছাড়িয়েছে। অটোমোবাইল, জাহাজ নির্মাণ ও বায়োমেডিসিন খাতে শিল্প ক্লাস্টারভিত্তিক সহযোগিতার সম্ভাবনা রয়েছে।

গুয়াংডং চেম্বারের সভাপতি উ শাওওয়েই বলেন, দক্ষিণ এশিয়ার বাজারে প্রবেশের ক্ষেত্রে বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ জন্য দুই দেশের উদ্যোক্তাদের মধ্যে সম্পর্ক আরও জোরদার করা প্রয়োজন।

এদিকে সিসিসিএমইর সহসভাপতি শি ইয়ংহং বলেন, ১৩৯তম ক্যান্টন ফেয়ার বৈশ্বিক উদ্যোক্তাদের জন্য গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে কাজ করছে। বিশেষ করে বাংলাদেশি উদ্যোক্তাদের সঙ্গে চীনের উৎপাদনকারী প্রতিষ্ঠানের সম্পর্ক উন্নয়নে এ মেলা সহায়ক হবে।

DHAKA POST



# চীনের ৩টি চেম্বারের সঙ্গে ডিসিসিআইয়ের সহযোগিতা স্মারক স্বাক্ষর

নিজস্ব প্রতিবেদক
১৮ এপ্রিল ২০২৬, ১৭:৪০

অ+ অ-




**বাংলাদেশ ও চীনের উদ্যোক্তাদের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন ও ব্যবসায়িক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং চীনের ৩টি প্রধান চেম্বারের মধ্যে সহযোগিতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।**

শনিবার (১৮ এপ্রিল) চীনের গুয়াংডংয়ে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

সহযোগিতা স্মারকে স্বাক্ষরকারী চীনের বাণিজ্য সংগঠনগুলো হলো- গুয়াংডং চেম্বার অব কমার্স অফ ইমপোটার্স অ্যান্ড এক্সপোর্টার্স (জিডিসিসিআইই), চায়না চেম্বার অব কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অফ মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক্স প্রডাক্টস (সিসিসিএমই) এবং গুয়াংজু চেম্বার অব কমার্স ফর আউটবাউন্ড বিজনেস'। ডিসিসিআই'র ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী এবং চীনের চেম্বারসমূহের উর্ধ্বতন প্রতিনিধিবৃন্দ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে উক্ত সহযোগিতা স্মারক সমূহে স্বাক্ষর করেন।

এছাড়াও বর্তমানে চীন সফরকারী ঢাকা চেম্বারের প্রতিনিধিদলের সদস্যবৃন্দ আজ চায়না ফরেন ট্রেড সেন্টারে অনুষ্ঠিত ১৩৯তম ক্যান্টন ফেয়ারের ট্রেড ব্রিজ-বাংলাদেশ ম্যাচমেকিং ইভেন্ট' অংশ নিয়ে প্রায় ২৭০টি চাইনীজ কোম্পানীর সাথে বিটুবি সেশনে বাণিজ্যিক তথ্য আদান-প্রদান করেন।

অনুষ্ঠানে নির্ধারিত বাণিজ্য আলোচনা সেশনে ডিসিসিআইয়ের উর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী বলেন, চীন বৈশ্বিক বাণিজ্যের অন্যতম চালিকা শক্তি ও বিভিন্ন পণ্যের শীর্ষ উৎপাদনকারী দেশ এবং বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশের আমদানির একটি বড় অংশ চীন, গত অর্থবছরে যার পরিমাণ ছিল প্রায় ১৮ বিলিয়ন মার্কিন ডলার।




তিনি আরও উল্লেখ করেন, বাংলাদেশের পঞ্চম বৃহত্তম বৈদেশিক বিনিয়োগকারী দেশ হলো চীন এবং ইতোমধ্যে চীনের উদ্যোক্তারা বিভিন্ন খাতে প্রায় ১.৭ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

তিনি জানান, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, অবকাঠামো উন্নয়ন, নবায়নযোগ্য জ্বালানি, জাহাজ নির্মাণ, অটোমোটিভ, লাইট ইঞ্জিনিয়ারিং, সেমিকন্ডাক্টর এবং উচ্চ প্রযুক্তি শিল্পে দুদেশের সহযোগিতা ও বিনিয়োগের প্রচুর সম্ভাবনা রয়েছে।

বিশেষকরে স্টার্টআপ, ফিনটেক, এগ্রি-টেক, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, বায়োটেকনোলজি, স্বাস্থ্যসেবা, ফার্মাসিউটিক্যাল এবং সাপ্লাইচেইনে প্রযুক্তির ব্যবহার ও উদ্ভাবনমূলক অংশীদারিত্বের মাধ্যমে উভয় দেশের উদ্যোক্তারা উপকৃত হতে পারেন বলে তিনি অভিমত প্রকাশ করেন।

এ সময় সিসিপিআইটি'র পরিচালক কিউ জানান, চীনের নানশা প্রদেশটি ভৌগোলিকভাবে কৌশলগত স্থানে অবস্থান করছে এবং ২০২৫ সালে নানশার আঞ্চলিক জিডিপি ২৪০ বিলিয়ন ইউয়ান অতিক্রম করেছে। অটোমোবাইল, জাহাজ নির্মাণ, বায়োমেডিসিনে বিশেষায়িত শিল্প ক্লাস্টারে দুদেশের উদ্যোক্তাদের যৌথ সহযোগিতার বেশ সম্ভাবনা রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

গুয়াংডং-এ উৎপাদিত পণ্য দক্ষিণ এশিয়ার দেশগুলোর বাজারে রপ্তানির প্রবেশাধিকারের জন্য বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে মত প্রকাশ করেন গুয়াংডং চেম্বার অব কমার্স অফ ইমপোটার্স অ্যান্ড এক্সপোর্টার্স-এর সভাপতি উ শাওওয়েই। এক্ষেত্রে দুদেশের উদ্যোক্তাদের সম্পর্ক জোরদারের উপর তিনি গুরুত্বারোপ করেন।

এবছর আয়োজিত ১৩৯তম ক্যান্টন ফেয়ার বৈশ্বিক উদ্যোক্তাদের সহযোগিতার অন্যতম কেন্দ্রস্থল হিসেবে উল্লেখ করে চায়না চেম্বার কমার্স ফর ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট অফ মেশিনারি অ্যান্ড ইলেকট্রনিক্স প্রডাক্টসের (সিসিসিএমই) সহ-সভাপতি শি ইয়ংহং বলেন, বাংলাদেশী উদ্যোক্তাদের বিশেষ করে চীনের উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোর সাথে সম্পর্ক উন্নয়নে এ মেলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে|